গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/২৩৯৮  তারিখ : ৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি পালন।

সূত্র : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/২৩৫০, তারিখ: ৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নের সংস্থান রয়েছে। এ কর্মসূচির আওতায় এ বছরে প্রত্যেক মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজ এবং দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসা (সরকারি ও এমপিওভুক্ত)-এ ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে অনুদান প্রদান করা হচ্ছে। এলক্ষ্যে, অনুদানের অর্থ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণের নিমিত্ত নির্ধারিত iBAS হিসাবে CAFO এর মাধ্যমে ইতোমধ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ এবং এ বিষয়ক কর্মসূচি পালন নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করবেন:

**ক) সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে অনুদানের অর্থবিতরণ:**

i. **জলবায়ু অনুদানের বরাদ্দ উত্তোলন:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ আগামী ২২ জুন ২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব উপজেলা হিসাবরক্ষণ অফিস থেকে জলবায়ু অনুদান বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলন করবেন। থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের মাধ্যমে বর্ণিত বরাদ্দ উত্তোলন করবেন।

ii. **শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুদানের অর্থ বিতরণ:** উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ শিক্ষাপ্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বরে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে স্থানান্তর করবেন। একইসাথে, নিম্নবর্ণিত ছকে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের নিকট হতে স্বাক্ষর গ্রহণ করে ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তরের বিবরণী প্রস্তুতপূর্বক ১ কপি স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবেন এবং ১ কপি লেইস প্রকল্প কার্যালয়ে আগামী ৩০ জুন ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করবেন:

| ক্রম. | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | EIIN নম্বর | প্রতিষ্ঠান প্রধানের নাম | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর | অর্থের পরিমাণ | ব্যাংক হিসাব নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|

iii. উপজেলা/থানা মাধ্যমিক অফিস ভবিষ্যতে প্রকল্প কার্যালয় ও অডিট টিমসহ সংশ্লিষ্ট সংস্থার পরিদর্শনের জন্য অনুদানের অর্থ বিতরণের মূলকপি দপ্তরে সংরক্ষণ করবে।

**খ) জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি পালন নিশ্চিতকরণ:** উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ অনুদানপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচি পালন নিশ্চিত করবেন:

| ক্রম. | কার্যক্রম | নির্ধারিত সময়সীমা | বরাদ্দ |
|---|---|---|---|
| ১ | **ন্যূনতম ১টি ফলদ ও ১টি বনজ বৃক্ষ রোপণ ও পরিচর্চা:** | | ১০০০.০০ |
| | ক) প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান ন্যূনতম ১টি ফলদ ও ১টি বনজ বৃক্ষ রোপণ করতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ রোপণকৃত বৃক্ষের ছবির পাশে একটি নেমপ্লেট যুক্ত করে ছবি তুলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং laiseclimate@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করবে। নেমপ্লেটে নিম্নবর্ণিত বর্ণনা (নমুনা) লিপিবদ্ধ করতে হবে:<br>**জলবায়ু পরিবর্তন সচেতনতা কর্মসূচি**<br>**শিক্ষা প্রতিষ্ঠানের নাম:**<br>**গাছের নাম: আম**<br>**প্রকল্পের নাম: লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।**<br>**ইমেইল এর বিষয়:** Tree Plantation: Educational institution Name | ৩০ জুন ২০২৫ খ্রি. | |
| | খ) বৃক্ষরোপণের ১ মাস পরে পুনরায় বৃক্ষের ছবি তুলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং উপর্যুক্ত ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। | ১০ আগস্ট ২০২৫ খ্রি. | |

| ক্রম. | কার্যক্রম | নির্ধারিত সময়সীমা | বরাদ্দ |
|---|---|---|---|
| ২ | **জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা/উপস্থিত বক্তৃতা আয়োজন:** শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ে বিতর্ক অথবা উপস্থিত বক্তৃতা আয়োজন করবে।<br>**বিতর্ক প্রতিযোগিতার বিষয়সমূহ নিম্নরূপ হতে পারে:**<br>• জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী উন্নত রাষ্ট্র কিন্তু ভুক্তভোগী উন্নয়নশীল রাষ্ট্র (পক্ষে/বিপক্ষে)। অথবা,<br>• জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় কেবল আন্তর্জাতিক উদ্যোগ নয় স্থানীয় উদ্যোগও আবশ্যক (পক্ষে/বিপক্ষে)।<br>**উপস্থিত বক্তৃতার বিষয়সমূহ নিম্নরূপ হতে পারে:**<br>• জলবায়ু পরিবর্তনের কারণ ও প্রতিকার;<br>• জলবায়ু পরিবর্তনে শিল্পোন্নত রাষ্ট্রেসমূহের দায়;<br>• জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় করণীয়;<br>• জলবায়ুর পরিবর্তন রোধে বৃক্ষের অবদান।<br>উল্লেখ্য, বর্ণিত কর্মসূচির জন্য বরাদ্দকৃত অর্থ পুরস্কার ক্রয় বাবদ ব্যয় হবে। বিতর্ক প্রতিযোগিতা/উপস্থিত বক্তৃতার আয়োজনের ফটো ও সর্বোচ্চ ২ মিনিটের ভিডিও ক্লিপ তুলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং laiseclimate@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।<br>**ইমেইল এর বিষয়:** Debate/Extempore Speech: Educational institution Name | ৩১ জুলাই ২০২৫ খ্রি. | ২০০০.০০ |
| ৩ | **শিক্ষার্থীদের অংশগ্রহণে জলবায়ু সচেতনতামূলক দেয়ালিকা প্রকাশ:** প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষার্থীদের অংশগ্রহণে জলবায়ু সচেতনতামূলক দেয়ালিকা প্রকাশ করবে। এলক্ষ্যে, প্রত্যেক শ্রেণি থেকে ১জন শিক্ষার্থী নিয়ে একজন শিক্ষকের নেতৃত্বে দেয়ালিকা প্রকাশনা কমিটি গঠন করা হবে। কমিটিকে দেয়ালিকা প্রকাশের জন্য সর্বোচ্চ ১৫ দিন সময় প্রদান করতে হবে।<br>দেয়ালিকা লেখা থেকে আরম্ভ করে দেয়ালিকা প্রকাশ পর্যন্ত পুরো প্রক্রিয়ার কমপক্ষে ৫টি ছবি তুলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এবং laiseclimate@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।<br>**ইমেইল এর বিষয়:** Wall Magazine: Educational institution Name | ৩১ জুলাই ২০২৫ খ্রি. | ২০০০.০০ |

৩। এ পরিপ্রেক্ষিতে, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে লেইস প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান বিতরণ এবং শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক জলবায়ু সচেতনতা বিষয়ক কর্মসূচি পালন নিশ্চিতকরণে উপর্যুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ বিষয়ে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ মহোদয়ের অনুমোদন রয়েছে।

18.06.2025

(প্রফেসর শিপন কুমার দাস)
প্রকল্প পরিচালক
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট
ইমেইল: shiponkd69@gmail.com

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)**

**উপজেলা:..............., জেলা:................।**

অনুলিপি (কার্যার্থে) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [সংশ্লিষ্ট অঞ্চলের উপজেলাসমূহে অর্থবিতরণ ও কর্মসূচি পালন নিশ্চিতকরণের অনুরোধসহ];
২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [সংশ্লিষ্ট অঞ্চলের উপজেলাসমূহে অর্থবিতরণ ও কর্মসূচি পালন নিশ্চিতকরণের অনুরোধসহ];
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [সংশ্লিষ্ট জেলার উপজেলাসমূহে অর্থবিতরণ ও কর্মসূচি পালন নিশ্চিতকরণের অনুরোধসহ];
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৪. পিএস টু সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৫. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৬. সংরক্ষণ নথি।